

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২১২

পানিসাগর, ০৫ অক্টোবর, ২০২৩

পানিসাগরে সমবায় দপ্তরের সহনিয়ামকের কার্যালয়ের উদ্বোধন

গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার ক্ষেত্রে

সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : সমবায়মন্ত্রী

গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার ক্ষেত্রে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। আজ পানিসাগরে সমবায় দপ্তরের সহ নিয়ামকের কার্যালয়ের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুক্রাচরণ নোয়াতিয়া একথা বলেন। এ উপলক্ষে পানিসাগর টাউনহলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার গঠিত হওয়ার পর থেকে রাজ্যের বিভিন্ন ল্যাম্পস ও প্যাক্সগুলিকে পুনরুজ্জীবিত করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের উদ্যোগে বিভিন্ন ল্যাম্পস ও প্যাক্সগুলিকে কম্পিউটারাইজড ও ডিজিটলাইজেশন করার উদ্যোগ নেওয়া হয়েছে। পানিসাগর সহনিয়ামকের কার্যালয় চালু হওয়ার ফলে এই এলাকার মানুষ সমবায় দপ্তরের বিভিন্ন সুযোগ সুবিধাগুলি সম্পর্কে অবহিত হতে পারবেন। স্থানীয় জনগণ এর সুফলও পাবেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, বিধায়ক বিনয়ভূষণ দাস, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সমবায় নিয়ামক এস মগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর প্যাক্স লিমিটেডের সহ সভাপতি শ্রীবাস চন্দ্র দেবনাথ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, পানিসাগর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, নগরপঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ প্রমুখ।

\*\*\*\*\*